

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, মার্চ ৬, ২০০৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

স্থানীয় সরকার বিভাগ

(পৌর-৩ শাখা)

প্রজ্ঞাপন

তারিখ, ২৬শে মাঘ ১৪১১/৮ই ফেব্রুয়ারী ২০০৫

এস, আর, ও নং ৪১-আইন/২০০৫।—যেহেতু, সরকার গোপালগঞ্জ জেলার টুংগীপাড়া মিউনিসিপ্যালিটি হইতে নিম্ন তফসিলে বর্ণিত শহর এলাকাসমূহকে কর্তন (Curtail) করিয়া উক্ত মিউনিসিপ্যালিটির সীমানা সংকোচন করিবার উদ্দেশ্যে Declaration and Alterations of Municipalities Rules, 1978, অতঃপর উক্ত Rules বলিয়া উল্লিখিত, এর rule 3 এর বিধান মোতাবেক উক্তরূপ কর্তনের প্রস্তাবসম্বলিত একটি পাবলিক নোটিশ জারী এবং উহার উপর পরামর্শ ও আপত্তি আহবান করার জন্য গোপালগঞ্জ জেলার ডেপুটি কমিশনারকে নির্দেশ প্রদান করিয়াছিল; এবং

যেহেতু, উক্ত নির্দেশ অনুযায়ী ডেপুটি কমিশনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিয়া উল্লিখিত মিউনিসিপ্যালিটি হইতে নিম্ন তফসিলে বর্ণিত এলাকাকে কর্তন (Curtail) করিয়া উক্ত মিউনিসিপ্যালিটির সীমানা সংকোচন করিবার পক্ষে প্রতিবেদন দাখিল করিয়াছেন; এবং

যেহেতু, সরকার উক্ত প্রতিবেদন বিবেচনাশ্বে উক্ত Rules এর rule 4(2) এর অধীনে উক্ত টুংগীপাড়া মিউনিসিপ্যালিটি হইতে নিম্ন তফসিলে বর্ণিত এলাকাসমূহকে কর্তন (Curtail) করিয়া উহার সীমানা সংকোচন করিবার জন্য চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে;

সেহেতু, Paurashava Ordinance, 1977 (Ordinance No. XXVI of 1977) এর section 4(b) তে প্রদত্ত ক্ষমতাবলে এবং উক্ত Rules এর rule 5 এর বিধান মোতাবেক সরকার টুংগীপাড়া মিউনিসিপ্যালিটি (পৌর এলাকা) ঘোষণা সংক্রান্ত এস,আর,ও, নং ২৬১-আইন/২০০৩,

(৮৬৫)

মূল্য : টাকা ১.০০

তারিখ, ১৭ ভাদ্র, ১৪১০ বঙ্গাব্দ মোতাবেক ৯ সেপ্টেম্বর, ২০০৩ খ্রিস্টাব্দে জারীকৃত প্রজ্ঞাপন এর তফসিলে উল্লিখিত এলাকা হইতে নিম্ন তফসিলে বর্ণিত এলাকা কর্তন (Curtail) করিয়া টুংগীপাড়া মিউনিসিপ্যালিটি (পৌর এলাকা) এর সীমানা সংকোচন করিল।

তফসিল

ক্রমিক নং	ইউনিয়নের নাম	মৌজার নাম	জে,এল, নং	দাগ নং
--------------	------------------	-----------	-----------	--------

১	পাটগাতী	টুংগীপাড়া	১৫১	১-৩৪, ৪৩-১০৯, ১২০-১৩৯।
---	---------	------------	-----	------------------------

স্বাক্ষরিত
রাষ্ট্রপতির আদেশক্রমে
সহিদুল ইসলাম
সিনিয়র সহকারী সচিব।

স্বাক্ষর

১০০৫ খ্রিস্টাব্দে ২৭/১১/০৫ তারিখে

ক্রমিক নং ১ (১) এর নিম্নলিখিত অধীনে উল্লিখিত এলাকা কর্তন (Curtail) করিয়া টুংগীপাড়া মিউনিসিপ্যালিটি (পৌর এলাকা) এর সীমানা সংকোচন করিল।

১০০৫ খ্রিস্টাব্দে ২৭/১১/০৫ তারিখে

মোঃ নূর-নবী (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।